# শেরপুরে জামায়াত নেতা নিহতের ঘটনায় হত্যা মামলা দায়ের



নিহত রেজাউল করিম। ছবি: সংগৃহীত

শেরপুরের ঝিনাইগাতীতে সংঘর্ষে জামায়াত নেতা রেজাউল করিম নিহত হওয়ার ঘটনায় তার স্ত্রী মার্জিয়া (৩৪) হত্যা মামলা দায়ের করেছেন। শুক্রবার দিবাগত রাতে তিনি ঝিনাইগাতী থানায় এ মামলা করেন।

মামলায় শেরপুর-৩ আসনে বিএনপির প্রার্থী মাহমুদুল হক রুবেলকে প্রধান আসামি করা হয়েছে। এছাড়া ২০০ জনের নাম উল্লেখ করে এবং অজ্ঞাত আরও প্রায় ২৫০ জনকে আসামি করা হয়েছে। তবে এখন পর্যন্ত কাউকে গ্রেপ্তার করা হয়নি।

গত বুধবার দুপুরে উপজেলা প্রশাসনের আয়োজনে নির্বাচনী ইশতেহার পাঠের অনুষ্ঠানে বসার স্থান নিয়ে বিএনপি ও জামায়াত কর্মীদের মধ্যে উত্তেজনা ছড়িয়ে পড়ে। একপর্যায়ে তা ধাওয়া-পাল্টাধাওয়া ও সংঘর্ষে রূপ নেয়। মঞ্চের সামনে থাকা শতাধিক চেয়ার ভাঙচুর করা হয় এবং কয়েকটি মোটরসাইকেলে আগুন দেওয়া হয়।

সংঘর্ষে দুই পক্ষের অন্তত অর্ধশতাধিক নেতাকর্মী আহত হন। ঘটনার পর থেকে এলাকায় টানটান উত্তেজনা বিরাজ করছে। স্থানীয় সচেতন মহল মনে করছে, এ ধরনের সহিংসতা সুষ্ঠু নির্বাচনী পরিবেশকে প্রশ্নের মুখে ফেলতে পারে।

LENS ASIA